দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 28 MAR 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৫ ....

৭

# ১৬টি জেলায় দেড় সহস্রাধিক শিক্ষকের পদ শূন্য

**পঞ্চগড়, ২৭ মার্চ (সংবাদদাতা) ।-** উত্তরাঞ্চলের ১৬টি জেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ১৫৬৫টি শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য থাকায় অত্রাঞ্চলে শিক্ষা কার্যক্রম স্থবির হয়ে পড়েছে। অসংখ্য শিক্ষকের পদ শূন্য থাকায় দুই হাজার সালের মধ্যে 'সবার জন্য শিক্ষা' কর্মসূচী বাস্তবায়ন সম্ভব হবে কিনা এ নিয়ে সংশয় দেখা দিয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, শুধুমাত্র রংপুর জেলাতেই মোট ২১৪টি শিক্ষকের পদ শূন্য রয়েছে। এরপর বগুড়া জেলাতে পদশূন্য রয়েছে ১৯৮টি। এ ছাড়া অন্যান্য জেলায় সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক পদের শূন্য সংখ্যা হলো ঃ পঞ্চগড়ে ৩৪টি, ঠাকুরগাঁয়ে ৪৩টি, দিনাজপুরে ১১০টি, নীলফামারীতে ৭৬টি, গাইবান্ধায় ১২৫, লালমনিরহাটে ৪২টি, জয়পুরহাটে ৪৪টি, নওগাঁয়ে ১২৭টি; নাটোরে ৬৩টি, চাঁপাইনবাবগঞ্জ ৬০টি, রাজশাহীতে ৭৯টি, সিরাজগঞ্জে ১৩৮টি, পাবনায় ৮৭টি পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে।